



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/15/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সিনেটের প্রশাসনিক নিয়োগ নিশ্চিতকরণের ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে সিনেট কর্তৃক দুইটি প্রশাসনিক নিয়োগের নিশ্চিতকরণ ঘোষণা করেছেন। বারবারা গুইনকে নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (New York State Office of Temporary and Disability Assistance) কমিশনার হিসেবে নিশ্চিত করা হয়েছে এবং ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেনকে নিউ ইয়র্ক স্টেট শিশু ও পরিবার পরিষেবা অফিসের (New York State Office of Children and Family Services) কমিশনার হিসেবে নিশ্চিত করা হয়েছে।

"কঠোর পরিশ্রম করা এবং নিউ ইয়র্কবাসীর জন্য ফলাফল নিয়ে আসার জন্য আমাদের একটি নিবেদিত দল থাকা নিশ্চিত করতে আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "বারবারা গুইন এবং ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন উভয়ের রেকর্ড প্রমাণ করেছে যে তারা এই দায়িত্বের জন্য প্রস্তুত, এবং তারা যে উদ্দেশ্য এবং সকল নিউ ইয়র্কবাসীর কথা মাথায় রেখে এই দায়িত্বসমূহ পালন করা অব্যাহত রাখবেন সেই ব্যাপারে আমার কোনো সন্দেহ নেই।"

বারবারা সি গুইনকে 2023 সালের জুলাই মাসে অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে নিয়োগদান করা হয়। নিম্ন আয়ের বাসিন্দাদের তাদের মৌলিক চাহিদা পূরণে সাহায্য করতে এবং যারা কাজ করতে পারে তাদেরকে আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে উঠতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ কর্মসূচির একটি ব্যাপ্তি এজেন্সিটির দায়িত্ব। গুইন একই সাথে একজন নির্বাহী ডেপুটি কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন, তিনি 2017 সালের মার্চ মাস থেকে এই পদে বহাল আছেন। নির্বাহী ডেপুটি কমিশনার হিসেবে তিনি সফলভাবে কোভিড-19 মহামারীর সময় এজেন্সিকে নেতৃত্ব দিয়েছেন, বহু নতুন সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করতে একে সাহায্য করেছেন এবং জনস্বাস্থ্য সঙ্কটের প্রভাব কাটিয়ে উঠতে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য সামগ্রিকভাবে 15 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছেন। এই পদের দায়িত্ব গ্রহণ করার পূর্বে তিনি ইন্টিগ্রেটেড পারিবারিক সহায়তা বিভাগের (Division of Integrated Family Assistance) ডেপুটি কমিশনার ছিলেন, পাবলিক অ্যাসিস্টেন্স কর্মসূচি, সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program), সমর্থক আবাসন, শক্তি সহায়তা, চাকরির সেবা, উদ্বাস্তু সেবা এবং শিশু সমর্থন সেবার জন্য নীতিমালা বিকাশ ও তত্ত্বাবধানের দায়িত্ব বিভাগটি পালন করে থাকে। এজেন্সিতে যোগদান করার পূর্বে গুইন নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগে (New York State Department of Labor) এবং নিউ ইয়র্ক স্টেট বাজেট বিভাগে (New York State Division of the Budget) কাজ করেছেন।

গুইন ইউনিভার্সিটি অ্যাট অ্যালবানির (University at Albany) রকফেলার পাবলিক অ্যাফেয়ার্স এবং পলিসি কলেজ (Rockefeller College of Public Affairs and Policy) থেকে জনপ্রশাসনে তার মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন। এছাড়াও তিনি নর্থ ক্যারোলাইনা স্টেট ইউনিভার্সিটি থেকে রাজনৈতিক বিজ্ঞান এবং ব্যবসা ব্যবস্থাপনাতে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেছেন।

ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন সরকার, শিক্ষা, ব্যবসা এবং অলাভজনক খাতের বিভিন্ন ইন্টারসেকশনে 20 বছর কাজ করেছেন। অতি সম্প্রতি তিনি কাউন্টি নির্বাহীর অফিসের অধীনস্থ ওয়েস্টচেস্টার কাউন্টি ইয়ুথ ব্যুরোর (Westchester County Youth Bureau) নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। সেই পদে থাকা অবস্থায় তার দায়িত্ব ছিল এমন একটি বিভাগের ব্যবস্থাপনা করা যা ওয়েস্টচেস্টার কাউন্টির 46টি সম্প্রদায়ের শিশু, তরুণ এবং পরিবারকে সমর্থন করে এমন অলাভজনক সংগঠন, বেসরকারি এবং মিউনিসিপ্যাল এজেন্সি দ্বারা পরিচালিত কয়েকশত কর্মসূচি এবং ঠিকাদারদের জন্য আর্থিক ও কারিগরি সংস্থান প্রদান করে। ওয়েস্টচেস্টার কাউন্টি ইয়ুথ ব্যুরোতে যোগদান করার পূর্বে, ডাঃ হ্যারিস-ম্যাডেন মাউন্ট ভার্ন সিটির চারটি মেয়োরাল কেবিনেটে দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি সিটির সেবা উল্লেখযোগ্যভাবে সম্প্রসারিত করেন। তিনি একজন ফেডারেল ও স্থানীয় অনুদানের পর্যালোচনাকারী এবং নিউ ইয়র্ক স্টেট একুশ শতকের সম্প্রদায়ের শিক্ষা কেন্দ্র কর্মসূচির (New York State 21st Century Community Learning Centers Program) একজন মূল্যায়নকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন।

ডাঃ হ্যারিস-ম্যাডেন বহু সংখ্যক ডিগ্রি অর্জন করেছেন, যার মধ্যে আছে ইংরেজি এবং আফ্রিকান আমেরিকান স্টাডিজ ব্যাচেলর অফ আর্টস (Bachelor of Arts, B.A.), একটি মাস্টার্স অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (Masters of Business Administration, M.B.A.), মানব সংস্থান ব্যবস্থাপনায় মাস্টার্স অফ সাইন্স (Master of Science in Human Resource Management, M.S. H.R.M.) এবং শিক্ষা ও নির্বাহী নেতৃত্বে একটি ডক্টরেট (Doctorate in Education and Executive Leadership, Ed. D.)। তিনি দীর্ঘদিন ধরে একজন সম্প্রদায়ের নেতা হয়ে আছেন যিনি একাধিক পেশাদার বোর্ডে দায়িত্ব পালন করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)